# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

তারিখ: ৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৬.২৩.৮০৬৭

বিষয়: **রিট পিটিশন নং ১৫২৮৫/২০২৩ মামলায় প্রদত্ত আদেশ ১২ডিসেম্বর, ২০২৩ মোতাবেক সংযুক্ত দরখাস্ত তাং ১৩/০৯/২০২৩ (Annexure-p) বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য বোর্ডে দাখিল প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসার (ইআইআইএন নং-১৩০২১০) অধ্যক্ষের দায়িত্ব পালন বিষয়ে জনাব মোঃ আমিনুর রহমান রিট পিটিশন নং ১৫২৮৫/২০২৩ দাখিল করেছেন।

বর্ণিত অবস্থায়, রিট মামলায় প্রদত্ত আদেশ ১২ডিসেম্বর, ২০২৩ মোতাবেক সংযুক্ত দরখাস্ত তাং ১৩/০৯/২০২৩ (Annexure-p) বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য আগামী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৭-০৪-২০২৪
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
০২-৯৬১২৮৫৮ (ফোন)
০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)
info@bmeb.gov.bd

অধ্যক্ষ, এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা, বিশ্বনাথ, সিলেট।

তারিখ: ৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৬.২৩.৮০৬৭/১(৭)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিশ্বনাথ, সিলেট;
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, বিশ্বনাথ, সিলেট;
৫। পি ও টু চেয়ারম্যান, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
৭। অফিস কপি ( নথি নম্বর: ৬৭)।

১৮-০৪-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ১৩০৯২০২৩খ্রি তারিখের দরখাস্ত

# এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা
# ALAHABAD ISLAMIA ALIM MADRASAH

ডাকঃ ইসলামাবাদ, বিশ্বনাথ, সিলেট। P.O: Islamabad, Biswanath, Sylhet.

w: 130210.ebmeb.gov.bd, E:alahabad1970@gmail.com, Mad. co: 18736, 01558186848 (Mad.) , 01712656822 (Prn.)


স্মারকঃ ২০০৪/২৩ তারিখঃ ১৩/০৯/২৩

ANNEXURE- P

তারিখ:১৩/০৯/২০২৩ইং

বরাবর,

মাননীয় চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশি বাজার, ঢাকা।

**বিষয়:-সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষের 'অধ্যক্ষ' হিসাবে দায়িত্ব পালন প্রসঙ্গে।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য জানানো যাচ্ছে যে, সিলেট
জেলার বিশ্বনাথ উপজেলার এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা EIIN নং ১৩০২১০ এর অধ্যক্ষ জনাব আবু তাহির
মো: হুসাইন দীর্ঘ দিন থেকে বিভিন্ন অনিয়ম, দুর্নীতি, অব্যবস্থাপনা, সরকারি আদেশ অমান্য সহ মাদ্রাসার অর্থ আত্নসাতের
সাথে জড়িত রয়েছেন, এ সকল বিষয়ে অভিযোগ সরকারের বিভিন্ন দপ্তর সহ আপনার বোর্ডের একাধিক তদন্তে প্রমাণিত
হয়েছে। এমতাবস্থায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পত্র স্মারক নং মাশি অ ৫৪.২৫.০০০০.০১০.০০২.২২.২০২৮ তারিখ
০৩/০৮/২০২২ ইং এর সুস্পষ্ট নির্দেশনায় এবং মাদ্রাসার এডহক কমিটির গত ০৫/০৭/২০২৩ইং তারিখের ১৮/২০২৩ নং
সভার ৩নং সিদ্ধান্ত মোতাবেক অধ্যক্ষকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম. পি. ও নীতিমালা
২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.২ (ক) অনুচ্ছেদ অনুযায়ী সাময়িক বরখাস্ত করে এম. পি স্থগিতের
জন্য মাদ্রাসা শিক্ষা অদিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, গত ২০/০৩/২৩ইং তারিখে মাদ্রাসার এডহক কমিটি
মাদ্রাসার বোর্ড অনুমোদিত এডহক কমিটিকে অকার্যকর করার অপচেষ্টা ও নিয়মিত গভর্নিং বডি গঠনে বাধা সৃষ্টি এবং
মাদ্রাসার আয়-ব্যয় হিসাব নিরিক্ষার স্বার্থে অধ্যক্ষকে ৪ মাসের বাধ্যতামূলক ছুটি প্রদান করে। এ বিষয়ে অধ্যক্ষ মহামান্য
হাইকোর্টে রিট পিটিশন করলে হাইকোর্ট ১ মাসের মধ্যে বিষয়টি নিস্পত্তি করার নির্দেশনা দিলে গত্র ২৪/০৮/২০২৩ ইং
তারিখে আপনার বোর্ডের পত্র স্মারক নং বামাশিবো/৫৭. ১৬. ০০০০. ০০৯.১৬.০০১.২৩.৫০২৮/১(৮)এর এক আদেশে
ছুটির মেয়াদ অতিক্রান্ত হওয়ায় অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।
এমতাবস্থায় অধ্যক্ষ আবু তাহির মো: হুসাইন গত ১০/০৯/২৩ ইং তারিখে উপরোক্ত পত্রের নির্দেশ মোতাবেক অধ্যক্ষ
হিসাবে দায়িত্ব গ্রহণ করেছেন। কিন্তু মাদ্রাসার এডহক কমিটির সিদ্ধান্ত মোতাবেক অধ্যক্ষ আবু তাহির মো: হুসাইন
বর্তমানে সাময়িক বরখাস্ত হিসাবে আছেন। এডহক কমিটি তাকে সাময়িক বরখাস্ত করে সংশ্লিষ্ট সকল দপ্তরে অনুলিপি
প্রেরন করেছে এবং এম. পি.ও (বেতন ভাতা)স্থগিতের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রস্তাব প্রেরন করা হয়েছে।
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম. পি. ও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত
সংশোধিত) এর ১৮.২ (ক) অনুচ্ছেদ অনুযায়ী একজন বরখাস্তকৃত ব্যক্তি শিক্ষা বোর্ডের আপীল আরবিট্রেশন কমিটির
সিদ্ধান্ত ছাড়া দায়িত্ব পালন করতে পারেন না। এমতাবস্থায় অধ্যক্ষ আবু তাহির মো: হুসাইন এর অধ্যক্ষ হিসাবে দায়িত্ব
পালনের বিষয়ে আপনার সুস্পষ্ট নির্দেশনা প্রয়োজন। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, অধ্যক্ষকে ছুটি প্রদানের বিষয়ে আপনার
বোর্ডের নির্দেশে বিশ্বনাথ উপজেলা নির্বাহী কর্মকতা তদন্ত পূর্বক গত ১৬/০৮/২০২৩ইং তারিখে পত্র স্মারক নং
০৫.৪৬.৯১২০.০০১.৩২.০০৭.২৩-৫৪২ এর মাধ্যমে একটি প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত প্রতিবেদনে ও অধ্যক্ষের
মিথ্যা অভিযোগ ও দূর্নীতি অব্যবস্থাপনার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমানিত হয়েছে।

# এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা
# ALAHABAD ISLAMIA ALIM MADRASAH

ডাক: ইসলামাবাদ, বিশ্বনাথ, সিলেট। P.O: Islamabad, Biswanath, Sylhet.

w: 130210.ebmeb.gov.bd, E:alahabad1970@gmail.com, Mad. co: 18736, 01558186848 (Mad.) , 01712656822 (Prn.)


স্মারক: ২০০৪/২৩ তারিখ: ১৮/০৭/২৩



অতএব,
মহোদয়ের সমীপে প্রার্থনা যে, উপরোক্ত বিষয়টি বিবেচনা পূর্বক মাদ্রাসার সাময়িক বরখাস্ত কৃত অধ্যক্ষ আবু তাহির মোঃ হুসাইন এর 'অধ্যক্ষ' হিসাবে দায়িত্ব পালনের বিষয়ে আপনার সুস্পষ্ট নির্দেশনা প্রদান করার সুমর্জি কামনা করি।

নিবেদক
আপনার বিশ্বস্ত

১৩/৭/২৩

মো. হরমুজ আলী
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা-১৮৭৩৬
EIIN- ১৩০২১০, ডাক- ইসলামাবাদ, বিশ্বনাথ-৩১৩০
সিলেট-৫৭, মোবাইল: ০১৭১২-৬৫৬৮২২

সংযুক্তি:-
১) অধ্যক্ষকে সাময়িক বরখাস্তের আদেশের কপি।
২) সাময়িক বরখাস্তের রেজুলেশনের কপি।
৩) দূর্নীতি প্রমানের বিভিন্ন তদন্ত প্রতিবেদনের কপি।
৪) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সাময়িক বরখাস্ত করণের নির্দেশের কপি।
৫) ছুটি সংক্রান্ত বোর্ডের নির্দেশের কপি।

প্রতিষ্ঠিত ১৯৭০ ইং

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হল।
১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. পরিদর্শক (সিলেট বিভাগ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিষ্ট্রার- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. জেলা শিক্ষা অফিসার, সিলেট।
৬. জেলা প্রশাসক, সিলেট।
৭. উপজেলা নির্বাহি কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিশ্বনাথ, সিলেট।